# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ▶ নিচে ২টি বিষয় ছক আকারে দেখানো হল—

| 'ক' বিষয় | 'খ' বিষয় |
|---|---|
| ১. ঐতিহ্যগতভাবে তত্ত্ব নির্ভর ও বিশ্লেষণধর্মী বিজ্ঞান | ১. অধিকতর ব্যবহারিক বিজ্ঞান |
| ২. আলোচ্য বিষয় গোটা সমাজ কাঠামো | ২. আলোচ্য বিষয় সমাজের সমস্যার সমাধান করা। |
| ৩. পরিধি ব্যাপক ও বিস্তৃত | ৩. পরিধি অপেক্ষাকৃত ক্ষুদ্রতর |

ক. সমাজবিজ্ঞানের নামকরণ সর্বপ্রথম কে করেন? ১

খ. সামাজিক দায়িত্ব ও কর্তব্য অনুধাবনে সমাজবিজ্ঞান পাঠ প্রয়োজনীয় কেন? ২

গ. উদ্দীপকে যে দুটি বিষয়ের উল্লেখ আছে সেগুলোর মধ্যকার মিল ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত বিষয় দুটির মধ্যে মিল অপেক্ষা অমিলই বেশি— মূল্যায়ন করো। ৪

২. ▶ মার্জিয়া মনে করেন, পুরুষতান্ত্রিক সমাজে মহিলাদের প্রতি ঋণাত্মক দৃষ্টিভঙ্গি-ই যৌতুক প্রথাকে সম্প্রসারিত করেছে। তিনি অবস্থাটি একটি সাধারণ তত্ত্ব প্রতিষ্ঠার জন্য পুরো বিষয়টিকে যৌক্তিক পদ্ধতিতে ও কিছু নীতিমালার আলোকে পুঙ্খানুপুঙ্খভাবে বর্ণনা ও ব্যাখ্যা করেন। ফলে বিষয়টির পারিপার্শ্বিকতা ও পারস্পরিক কার্যকারণ সম্পর্ক সুস্পষ্টভাবে তুলে ধরা সম্ভব হয়।

ক. গবেষণা পদ্ধতি কাকে বলে? ১

খ. বৈজ্ঞানিক পদ্ধতি মূল্যবোধের ঊর্ধ্বে— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মার্জিয়ার সামাজিক ঘটনার ব্যাখ্যা ও বিশ্লেষণকে কী বলে অভিহিত করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মার্জিয়া তত্ত্ব প্রতিষ্ঠার ক্ষেত্রে কোন নীতিসমূহ অনুসরণ করেন? মতামত দাও। ৪

৩. ▶ ছকটির আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. অগাস্ট কোঁৎ-এর মতানুযায়ী সমাজ সংস্কারের প্রধান উপায় কী? ১

https://teachingbd24.com

খ. স্পেনসার কীভাবে সমাজকে জীবদেহের সাথে তুলনা করেছেন? ব্যাখ্যা করো। ২
গ. ছকে প্রদত্ত '?' চিহ্নিত স্থানে যা নির্দেশ করছে সেটি বর্ণনা করো। ৩
ঘ. ছকে উল্লিখিত ম্যাক্স ওয়েবারের তত্ত্বটি বহু বৈশিষ্ট্যিক। বিশ্লেষণ করো। ৪

৪. ▶





ক. DNA-এর পূর্ণরূপ কী? ১
খ. বংশগতি বলতে কী বোঝায়? ২
গ. 'A' ছকে সমাজজীবনের কোন বিষয়ের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে উল্লিখিত 'A' ও 'B' এর মাঝে সম্পর্ক আছে কি না? বিশ্লেষণ কর। ৪

৫. ▶ রহিমা ১০ম শ্রেণিতে পড়ে। তার বাবা এক সড়ক দুর্ঘটনায় মারা যান। তার দুটি ছোট ভাই-বোন আছে। তার পরিবারের এই চরম সংকটকালীন সময়ে তার চাচা তাদের পাশে এসে দাঁড়ান। তিনি রহিমার পড়াশোনার দায়িত্বভার গ্রহণ করেন এবং তাদের পরিবারের ব্যয় নির্বাহের জন্য আর্থিকভাবে সহযোগিতা করেন।

ক. 'সমাজ হচ্ছে সামাজিক সম্পর্কের জাল' — উক্তিটি কোন সমাজবিজ্ঞানীর? ১
খ. লেভিরেট বিবাহ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জ্ঞাতি সম্পর্কের ভূমিকার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'জ্ঞাতি সম্পর্ক পারিবারিক সংহতি বৃদ্ধি করে' — উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. ▶ ছকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




https://teachingbd24.com

ক. 'নাতিশীতোষ্ণ অঞ্চল সবচেয়ে স্বাস্থ্যকর' — উক্তিটি কার? ১

খ. ব্যক্তির সামাজিক জীবনে ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. ছকে উল্লিখিত কোন উপাদানটিকে 'সমাজজীবনের শাশ্বত বিদ্যালয়' বলা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. সমাজজীবনের ওপর ছকে উল্লিখিত উপাদানসমূহের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৭. ► কলাগোলা চরের বাসিন্দা কপিল উদ্দীন। ফারুক তার একমাত্র সন্তান। ফারুক টিভিতে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান দেখে দেশের ঐতিহ্য, ইতিহাস সম্পর্কে পরিষ্কার ধারণা অর্জন করে। এতে করে তার মানসিক উন্নতি ঘটে এবং সে বিজ্ঞানমনস্ক হয়ে ওঠে। কিন্তু পূর্বে দূরবর্তী কোনো স্থানে এ ধরনের কোনো সুযোগ-সুবিধা ছিল না। আর এটা সম্ভব হয়েছে একমাত্র তথ্যপ্রযুক্তির উন্নতির কারণে। কপিল উদ্দীনের মত মানুষও আজ তার সন্তানকে নিয়ে বড় স্বপ্ন দেখে।

ক. সামাজিকীকরণের প্রাথমিক ক্ষেত্র কোনটি? ১

খ. সামাজিকীকরণে বিদ্যালয়ের প্রভাব কেমন? ২

গ. ফারুকের বিজ্ঞানমনস্কতা ও মানসিক উন্নতির পেছনে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত বিষয়টির প্রসারে তথ্যপ্রযুক্তি কী ধরনের অবদান রাখে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮. ► ফরহাদ সাহেবের বয়স আটাশি বছর। তার তিন ছেলে-মেয়ের মধ্যে সবাই এখন প্রতিষ্ঠিত। পারিবারিক সিদ্ধান্তের ক্ষেত্রে তারা ফরহাদ সাহেবের সাথে কোনো পরামর্শ করেন না। তাদের ধারণা বয়সের কারণে তিনি সঠিক সিদ্ধান্ত গ্রহণে অক্ষম। অথচ অভিজ্ঞতার দিক থেকে ফরহাদ সাহেব সবসময়ই সন্তানদের চেয়ে এগিয়ে।

ক. কোন সমাজে গৃহ দাসপ্রথা চালু ছিল? ১

খ. শ্রেণি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়ের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত বিষয়ের ভিত্তিতে সৃষ্ট বৈষম্যসমূহের সামাজিক প্রভাব বিশ্লেষণ করো। ৪

৯. ► জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলার মানুষকে যেমন ভালবাসতেন, তেমনি বাংলার জনগণের অন্তরেও ছিল তাঁর জন্য অসামান্য ভালবাসা। তাঁর আবেগ, বাগ্মীতা, তড়িৎ সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা, এগিয়ে যাবার মানসিকতা ইত্যাদি সাধারণ মানুষকে অতি সহজেই বিমোহিত করতো। তাঁর নেতৃত্বের ওপর আস্থা রেখেই বাংলার জনগণ তাঁর ডাকে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

https://teachingbd24.com

ক. সামাজিক বিবর্তনবাদ তত্ত্বের প্রবক্তা কে ছিলেন? ১
খ. আদর্শ নমুনা কী? বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে বর্ণিত নেতার ভূমিকা ম্যাক্স ওয়েবারের আলোচিত কোন ধরনের কর্তৃত্বকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত কর্তৃত্ব মানবসমাজ পরিবর্তনের যুগান্তকারী ভূমিকা রাখতে সক্ষম— বিশ্লেষণ করো। ৪

১০. ► আসিফ সাহেব একটি বৃহৎ কর্পোরেট প্রতিষ্ঠানের বড় কর্মকর্তা। প্রতিষ্ঠানের জন্য প্রকৃত মূল্যের চেয়ে বেশি মূল্য দেখিয়ে দ্রব্য সামগ্রী ক্রয় করেন। অথচ অফিসের কাগজপত্র এমনভাবে তৈরি করা হয় যা থেকে আসিফ সাহেবের প্রতারণা প্রমাণ করার কোনো উপায় নেই। অপরদিকে বস্তিতে বসবাসরত তাজুল নিজের সন্তানের জন্য খাবারের জোগান না করতে পেরে হোটেল থেকে খাবার চুরির অপরাধে পুলিশ কর্তৃক ধৃত হয়।
ক. 'শিক্ষা' শব্দের অর্থ কী? ১
খ. শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যগুলো ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আসিফের অপরাধটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকে আসিফ ও তাজুলের অপরাধের সামাজিক প্রেক্ষাপট ভিন্ন'— উক্তিটি মূল্যায়ন করো। ৪

১১. ► সমাজবিজ্ঞানের শিক্ষক জুনা ফারজানা জুলিয়াকে সমাজবিজ্ঞানের যেকোনো একটি বিষয় সম্পর্কে লিখতে বললে জুলিয়া নিম্নলিখিত তথ্যগুলো লিখে—
i. এটি একটি সামাজিক প্রক্রিয়া।
ii. এটি হলো সামাজিক কাঠামোর পরিবর্তন।
iii. এ পরিবর্তন প্রাকৃতিক ও কৃত্রিম উভয় প্রকারেরই হতে পারে।
ক. উনবিংশ শতাব্দীর শেষ দিকে কী প্রচার করে সামাজিক প্রগতিকে অবহেলা করা হয়? ১
খ. বিবর্তন বলতে কী বোঝ? ২
গ. জুলিয়ার লিখিত তথ্যসমূহ সমাজবিজ্ঞানের কোন বিষয়টিকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উক্ত পরিবর্তন হলো সমাজ কাঠামোর পরিবর্তন'—তুমি কি বক্তব্যটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

teachingbd24.com

# সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. চার্লস ডারউইন কত শতকে জীবজগৎ সম্পর্কিত বিবর্তনবাদী তত্ত্ব তুলে ধরেন?
ক সপ্তদশ খ অষ্টাদশ
গ ঊনবিংশ ঘ বিংশ

২. 'উৎপাদন যন্ত্রের সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন শ্রেণিসমূহের মধ্যে দ্বন্দ্বের ফলে সমাজ পরিবর্তিত হতে পারে' মতটি কার?
ক ভেব্লিন এর খ মার্কস এর
গ ওয়েবার এর ঘ প্যারেটোর

৩. *Anomie Theory*- এর প্রবক্তা কে?
ক এমিল ডুর্খেইম খ মেক্সিম পোপেনো
গ ডাহরেনডর্ফ ঘ কার্ল মার্কস

৪. স্পেন্সার প্রত্যেকটি সমাজকে কীসের সাথে তুলনা করেছেন?
ক জীবদেহের সাথে খ উদ্ভিদের সাথে
গ জড়বস্তুর সাথে ঘ পরিবেশের সাথে

৫. 'আমরা যা তাই আমাদের সংস্কৃতি'— উক্তিটি কে করেছেন?
ক ম্যাকাইভার খ ই বি টেইলর
গ কার্ল মার্কস ঘ হার্বার্ট স্পেন্সার

৬. কাকে সমাজবিজ্ঞানের জনক বলা হয়?
ক ইবনে খালদুন খ অগাস্ট কোঁৎ
গ কার্ল মার্কস ঘ ডুর্খেইম

৭. সমাজসম্পর্কিত বস্তুনিষ্ঠ পাঠ বা বিশ্লেষণকে কী বলে?
ক রাজনীতি বিজ্ঞান খ সমাজবিজ্ঞান
গ রাজনৈতিক সমাজবিজ্ঞান
ঘ নৃবিজ্ঞান

৮. সামাজিক পরিবর্তন বলতে বোঝায়—
i. সমাজ কাঠামোর পরিবর্তন
ii. অর্থনৈতিক পরিবর্তন
iii. রাজনৈতিক পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. নিচের যেটি অপরাধ সংগঠনের ভৌগোলিক উপাদান—
i. গহিন অরণ্য
ii. পাহাড়-পর্বত iii. বিশাল সমুদ্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় রাষ্ট্র সিদ্ধান্ত নেয়—
i. উৎপাদনের পরিমাণের ব্যাপারে
ii. কী উৎপাদন করতে হবে
iii. কার জন্য উৎপাদন করতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. বর্ণবাদী নৃবিজ্ঞানীদের মতে, উৎকৃষ্ট নৃগোষ্ঠীর লোকেরা—
i. সংস্কৃতি ও সভ্যতার ধারক-বাহক
ii. উৎকৃষ্ট শাসক ও নেতা
iii. সুদর্শন ও শান্তিপ্রিয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. তথ্যপ্রযুক্তির বিস্ময়কর উন্নতি ঘটেছে—
i. কম্পিউটারের সহায়তায়
ii. টেলিভিশনের সহায়তায়
iii. সাবমেরিন ক্যাবলের সহায়তায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:

শোয়েবের বাবা-মা তাকে খুব স্নেহ ও যত্ন করেন। সে তার ছোট ভাই ও পাড়ার বন্ধুদের মসজিদ ও স্কুলে যায়। এভাবে নানা উপায়ে শিক্ষা লাভ করে। সমাজে আজ শোয়েব প্রতিষ্ঠিত। যেকোনো নতুন পরিবেশেই সে নিজেকে খাপ খাইয়ে নিতে পারে।

১৩. কোন প্রক্রিয়ায় শোয়েব সমাজে প্রতিষ্ঠিত হয়েছে?
ক সামাজিক পরিবর্তন খ সামাজিকীকরণ
গ সামাজিক প্রগতি ঘ সামাজিক পুনর্গঠন

১৪. শোয়েবের পিতা-মাতার মধ্যে অশান্তি বিরাজ করলে শোয়েবের জীবনে দেখা দিতে পারে—
i. পরনির্ভরশীলতা
ii. মানসিক বিকারগ্রস্ততা
iii. অপরাধ প্রবণতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, iii ও iii

১৫. সামাজিক বৈষম্য বলতে কোন অসমতাকে বোঝায়?
ক সামাজিক খ আর্থিক
গ প্রাতিষ্ঠানিক ঘ ধর্মীয়

১৬. কার মতে স্তরবিন্যাস মূলত শোষণের প্রতীক?
ক ওয়েবার এর খ মার্কস এর
গ ডেভিস ও মুর এর ঘ ডুর্খেইম এর

১৭. মোল্লা কোন বর্ণ হিসাবে পরিচিত?
ক ব্রাহ্মণ খ বৈশ্য
গ ক্ষত্রিয় ঘ শূদ্র

https://teachingbd24.com

১৮. 'Primitive Culture' গ্রন্থটি কে রচনা করেন?

ক) ইয়ংগার	খ) অনস্টাইন
গ) টেইলর	ঘ) ডুর্খেইম

১৯. ডুর্খেইমের মতে, ধর্মের ভিত্তি হলো—

i. পবিত্র বস্তুসমূহ
ii. বিশ্বাস
iii. আচার অনুষ্ঠান

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) ii ও iii
গ) i ও iii	ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

খলিল সাহেব একজন খানদানী মানুষ। পোশাক-পরিচ্ছদের বিশেষ ধরন তাকে অন্যদের থেকে আলাদা করে দেয়। বাপ-দাদার রুচিবোধকে তিনি ধারণ করেন। প্রবাসী ছেলে-মেয়েরা তাকে স্মার্ট ফোন উপহার দিলেও তিনি এসবের ব্যবহার জানেন না।

২০. খলিল সাহেবের পোশাক-পরিচ্ছদ, রুচিবোধ সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়ের উদাহরণ?

ক) সভ্যতা	খ) সংস্কৃতি
গ) প্রথা	ঘ) মূল্যবোধ

২১. খলিল সাহেবের মোবাইল ফোন ব্যবহার না জানার বিষয়টি প্রমাণ করে—

ক) অবস্তুগত সংস্কৃতি সবসময় অপরিবর্তনীয়
খ) বস্তুগত সংস্কৃতির গতি অপেক্ষাকৃত দ্রুত
গ) অবস্তুগত সংস্কৃতির গতি অপেক্ষাকৃত দ্রুত
ঘ) দু ধরনের সংস্কৃতির গতি সমান

২২. বিবাহ হচ্ছে প্রাপ্তবয়স্ক নারী ও পুরুষের মধ্যে এমন এক যুগল বন্ধন যা—

i. সমাজ দ্বারা সমর্থিত
ii. ধর্ম দ্বারা সমর্থিত	iii. আইন দ্বারা সমর্থিত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) ii ও iii
গ) i ও iii	ঘ) i, ii ও iii

২৩. সামাজিক প্রতিষ্ঠান বলতে বুঝি—

i. পরিবারকে	ii. জ্ঞাতিসম্পর্ককে
iii. ব্যবসায়-বাণিজ্যকে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii

২৪. জাতি সমপ্রদায় প্রত্যেককে আলাদাভাবে তাদের পদ্ধতিকে কী বলে আখ্যায়িত করা হয়?

ক) শ্রেণিমূলক ব্যবস্থা
খ) বর্ণনামূলক জ্ঞাতি সম্পর্ক
গ) শ্রেণিহীন ব্যবস্থা	ঘ) সুষম ব্যবস্থা

২৫. সমাজবিজ্ঞান প্রাকৃতিক বিজ্ঞানের কোন বিষয়টি অনুসরণ করে?

ক) পরীক্ষাগারপ্রমাণ	খ) গবেষণা পদ্ধতি
গ) সূত্র	ঘ) পরিসংখ্যানিক পদ্ধতি

২৬. বৈজ্ঞানিক পদ্ধতির বৈশিষ্ট্য হলো এ পদ্ধতি—

i. বস্তুনিষ্ঠ	ii. অভিজ্ঞতাভিত্তিক
iii. ধারাবাহিক

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii

২৭. সমাজবিজ্ঞানের গবেষণার বিষয়—

i. বিমূর্ত
ii. অবস্তুগত	iii. বস্তুগত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii

২৮. সুশৃঙ্খল জ্ঞানই বিজ্ঞান যা নির্ণীত হয়—

i. পরীক্ষা দ্বারা
ii. প্রমাণ দ্বারা	iii. যুক্তি দ্বারা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii

২৯. মার্কসের দ্বান্দ্বিক বস্তুবাদের মূল কথা হলো—

i. সমস্ত প্রপঞ্চের বিকাশ হয় দ্বন্দ্বের মাধ্যমে
ii. সমাজ পরিবর্তন দ্বন্দ্বেরই ফল
iii. দ্বন্দ্বের উপস্থিতি পাওয়া যায় প্রলেতারিয়েতের মধ্যে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii

৩০. অনেক ক্ষেত্রে পরার্থমূলক আত্মহত্যার কারণ হয়ে থাকে—

i. সামাজিক স্বার্থ
ii. সামাজিক প্রচলিত নিয়ম
iii. অর্থনৈতিক মন্দা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com